# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


স্মারক নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৩৪/৯৮৬ তারিখঃ ১৮.১০.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ রিট পিটিশন নং- ৭৫৩৪/২০১৮ এ মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ৩১ মে ২০১৮ খ্রিঃ তারিখের আদেশের আলোকে মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক ১৩/০২/২০১৮খ্রিঃ তারিখের আবেদন (Annexure-F) নিস্পত্তি প্রসঙ্গে।**

সূত্রঃ নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৩৪/৯৪৩/৪; তারিখঃ ১১/০৭/২০১৮

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব নুরুল ইসলামের ১৩/০২/২০১৮খ্রিঃ তারিখের দরখাস্ত নিস্পত্তির লক্ষে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে অভিযোগের সাথে সংশ্লিষ্ট সকল পক্ষকে সমর্থনীয় কাগজপত্রসহ মুখোমুখি শুনানীতে ২৩/০৭/২০১৮খ্রিঃ তারিখে বোর্ডে উপস্থিত হওয়ার জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: নুরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গভার্ণিং বডি, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ধার্য্য তারিখে স্বীয় কাগজপত্রসহ বোর্ডে শুনানীতে উপস্থিত হন।

আবেদনকারী জনাব মো: নুরুল ইসলাম মৌখিক ও লিখিতভাবে অভিযোগ করেন যে, অধ্যক্ষ হিসেবে তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করা অবস্থায় এডহক কমিটি গত ১০/০৯/২০১৫খ্রিঃ তারিখে সম্পূর্ণ অন্যায়, বেআইনি এবং অবৈধভাবে তাঁকে সাময়িক বরখাস্ত করে। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরেও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের তদন্ত প্রক্রিয়া সমাপ্ত না করে গভার্ণিং বডি অনিস্পত্তিকৃত অবস্থায় রাখে। মাদ্রাসা কর্তৃপক্ষ তাঁর আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করার ফলে তিনি আর্থিকভাবে দারুন ক্ষতিগ্রস্থ হয়েছেন। তিনি চাকুরিতে পুনঃবহালের ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডের নিকট প্রার্থনা করেন।

অন্যদিকে গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান যে, বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলামকে চাকরি বিধি অনুযায়ী আইন সম্মতভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে। অধ্যক্ষের দুর্নীতি, লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ, চাকুরী বিধি লঙ্ঘণ এবং বর্তমান সরকারের বিরুদ্ধে বিভিন্ন নাশকতা কর্মকান্ডের সহিত জড়িত থাকার কারণে তাঁকে গত ০৩/০৯/২০১৫খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় এবং পরবর্তীতে তদন্ত কমিটি গঠন করে তদন্ত রিপোর্টে চরম দুর্নীতিসমূহ প্রমাণিত হওয়ায় নিয়মিত গভার্ণিং বডি কর্তৃক ০৫/০৩/২০১৭খ্রিঃ তারিখে সর্বসম্মতিক্রমে চূড়ান্ত বরখাস্ত করা হয়। পরবর্তীতে ২৩/০৩/২০১৭খ্রিঃ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে সমর্থনীয় কাগজপত্রসহ নিয়ম অনুসারে নির্ধারিত ফি জমা দিয়ে বিধি মতে চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য আবেদন করা হয়েছে। অধ্যক্ষ নিজেই বরখাস্তের বিষয় জ্ঞাত হয়ে মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ যেন চূড়ান্ত বরখাস্ত অনুমোদন না করেন সেই জন্য "বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, সদর, দিনাজপুরে মোকদ্দমা নং- ৯৪/২০১৭ (অন্য) দায়ের করে। মোকদ্দমা নং- ৯৪/২০১৭ (অন্য) এর দায়েরকৃত আরজিটি পর্যালোচনা করলে যার সুস্পষ্ট প্রমান পাওয়া যাবে। অধ্যক্ষের বরখাস্তের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে বর্তমান প্রক্রিয়াধীন আছে। তাছাড়া বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলাম ইতিপূর্বে তথ্য গোপন ও মিথ্যা তথ্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা এ উপস্থাপন করেন।

গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরও জানায় যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ইস্যুকৃত পত্র যার স্মারক নং- ৫৭.২৫.০০০০.০৪.০৬২.১৭/২৭; তারিখঃ ১৮/০১/২০১৮খ্রিঃ মোতাবেক মাদ্রাসা শিক্ষা অধিপ্তর, ঢাকায় সমর্থনীয় কাগজপত্র জমা না হলে আবারও ০৬/০৩/২০১৮খ্রিঃ তারিখে যার স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬২.১৮-৬৪ পত্র আসে এবং সমর্থনীয় কাগজপত্রসমূহ পুনরায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে জমা দিলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সত্য বিষয়টি জানতে পারে। পরবর্তীতে উক্ত বিষয়ে কোন পত্র/নির্দেশনা দেয়া হয় নাই। বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল ইসলামের নামে একাধিক ফৌজদারি মামলা/অন্য মামলা চলমান আছে। মামলাগুলো বর্তমান সরকারের বিরুদ্ধে বিভিন্ন নাশকতা কর্মকান্ডের সহিত জড়িত থাকা সংক্রান্ত। মামলাসমূহ যথাক্রমে নিম্নরূপঃ

১) কোতয়ালী থানা এজাহার নম্বর- ১৭, তারিখঃ ১১/১২/২০১৩ (জি.আর.নং- ৭৫১/১৩) ধারা-২০০২ সালের আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ৪/৫;
২) কোতয়ালী থানার মামলা নম্বর- ১৮, তারিখঃ ১১/১২/২০১৩ (জি.আর.নং- ৭৫২/১৩) ধারা-১৪৩/ ৩২৩/ ৪২৭/ ৩৩২/ ৩৩৩/ ৩৫৩/ ১৮৬ দঃ বিঃ;
৩) মামলা নং- ৮/১৪, তারিখঃ ০৭/০৪/২০১৪ (জি.আর.নং- ৮/১৪) ধারা- ১৪৩/ ৪৪৭/ ৩২৩/ ৩৩২/ ৩৫৩/ ১৮৬ দঃ বিঃ;
৪) কোতয়ালী থানার মামলা নং- ০২, তারিখঃ ০২/০৩/২০১৩ (জি.আর.নং- ১২৬/১৩ সার্টিফাইড কপি সংযুক্ত) ধারা- ১৪৩/ ১৪৯/ ৩০৭/ ৩৩২/ ৩৩৩/ ৩৫৩/ ১৮৬/ ১১৪ দঃ বিঃ তৎসহ বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৩/৪ ধারা;
৫) কোতয়ালী থানার মামলা নং- ৫৫, তারিখঃ ২৮/০১/২০১৩ (জি.আর.নং- ৫৫/১৩ সার্টিফাইড কপি সংযুক্ত) ধারা- ১৪৩/ ১৪৯/ ৩০৭/ ৩৩২/ ৩৩৩/ ৩৫৩/ ১৮৬/ ৪২৭/ ১০৯/ ১১৪ দঃ বিঃ তৎসহ বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৩/৪ ধারা;
৬) কোতয়ালী থানার মামলা নং- ১৫, তারিখঃ ০৫/১২/২০১২ (জি.আর.নং- ৬০৫/১২) ধারা- ১৪৩/ ১৪৯/ ৩৩২/ ৩৩৩/ ৩৫৩/ ১৮৬ দঃ বিঃ;
৭) দিনাজপুর কোতয়ালী থানার মামলা নং- ০২, তারিখঃ ০২/০২/২০১৩ (জি.আর.নং- ৬১/১৩ সার্টিফাইড কপি সংযুক্ত); এবং
৮) মামলা নং- দায়রা ২৬১/৬ বিজ্ঞ অতিঃ দায়রা জজ-৩ দিনাজপুর আদালতে মামলা দায়ের হয় এবং যাহা বর্তমানে বিচারাধীন আছে।

সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ আরও জানান, উপরোক্ত মামলাগুলোর মধ্যে বিভিন্ন আদালতে ইতিমধ্যে চার্জশিট যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করা হয়েছে এবং মামলাগুলো বিভিন্ন বিজ্ঞ আদালতে বিচারাধীন অবস্থায় আছে। উপরোক্ত বিষয়ের আলোকে এবং সমর্থনীয় কাগজের ফিরিস্তী মূলে জমাকৃত কাগজপত্র পর্যালোচনা করে মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ সুবিচার প্রার্থনা করেন।

বর্ণিত অবস্থায় দাখিলকৃত কাগজপত্রের বিবেচনায় জনাব মোঃ নুরুল ইসলামকে তাঁর আবেদন মোতাবেক আপাততঃ অধ্যক্ষ পদে পূনর্বহালের আইনগত সুযোগ নেই মর্মে জানিয়ে তাঁর ১৩/০২/২০১৮খ্রিঃ তারিখের আবেদন এতদ্বারা নিস্পত্তি করা হলো। এছাড়া অধ্যক্ষ মোঃ নুরুল ইসলাম এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য দাখিলকৃত আবেদনের বিষয়টি বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় শুনানী করে সিদ্ধান্তের নিমিত্তে পরবর্তী সভায় উপস্থাপন করা হবে মর্মেও সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ
১) সভাপতি- গভার্ণিং বডি, রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।
২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।
৩) জনাব মোঃ নুরুল ইসলাম, রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৩৪/৯৮৬(৫) তারিখঃ ১৮.১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

F:\G\Admin\Shujan\2018\10. Octobor\14.10.2018\Dinaj-134